বাগ দেবীর আরাধনা:

ভারতীয় পুরাণ মতে সরস্বতী বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী। মাঘ মাসের শুক্লা পঞ্চমী তিথিতে দেবী পূজিত হন।স্কুল কলেজ শিক্ষাপ্রতিষ্ঠানসহ ঘরে ঘরে জাতি ধর্ম নির্বশেষে সকলের কাছে মা সরস্বতী পূজনীয়। পুজোর একমাস আগে থেকেই প্রস্তুতি শুরু হয় নিমন্ত্রণ-পত্র ছাপানো, প্রতিমা নির্মাণ ,মণ্ডপ তৈরি ইত্যাদি কাজ চলতে থাকে। বিশেষ করে ছাত্রছাত্রীদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার সীমা থাকে না।দেবী এখানে এককভাবে পূজিত হন তাঁর হাতে থাকে বীণা।প্রভাতে পূজার্চনা ও পুষ্পাঞ্জলি প্রদান করা হয়। শিক্ষার্থীরা মায়ের উদ্দেশ্যে অঞ্জলি দেয় এবং জ্ঞান ও বিদ্যা প্রার্থনা করে। বহু জায়গায় পূজা উপলক্ষে প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। পরের দিন শোভাযাত্রা সহকারে দেবীর বিসর্জন হয়। এভাবেই মহাসমারোহে প্রতিবছর অনুষ্ঠিত হয় সরস্বতী পূজা